

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(আইসিটি শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০২১.১৮- ১৬৭ (৬০)

তারিখ : ০২ শ্রাবণ, ১৪২৬ ব:।
২৭ জুলাই, ২০১৯ খ্রি:।

বিষয় : জাতীয় তথ্য বাতায়নের অধীনে বাস্তবায়িত মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়নের অধিকতর উন্নয়ন ও হানাগাদকরণ।


সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ০৪/০৭/২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.১৮.১৩০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য বাতায়ন অধিকতর ব্যবহারকারীবান্ধবকরণ, তথ্য-সমৃদ্ধকরণ এবং তথ্যাদি হালনাগাদকরণের জন্য নিম্নোক্ত পদক্ষেপগুলো অনুসরণ করণের জন্য সূত্রোক্ত পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে।

- ক) সকল কর্মকর্তার ছবি, ফোন নম্বরসহ হালনাগাদ তথ্য সংযোজন করা;
- খ) তথ্য বাতায়নে 'আইন/নীতিমালা/প্রজ্ঞাপন/পরিপত্র' নামক একটি সেবাবক্সে মন্ত্রণালয়/ বিভাগের সংশ্লিষ্ট সকল আইন, বিধি, নীতি, প্রজ্ঞাপন, পরিপত্র, প্রবিধান ও নির্দেশিকা ইত্যাদি আপলোড করা;
- গ) তথ্য বাতায়নের বাংলা ও ইংরেজি ভাষার মধ্যে সামঞ্জস্য বজায় রাখা ও মানসম্মত তথ্য সংযোজন;
- ঘ) তথ্য বাতায়নে কী কী তথ্য ও সেবা সম্প্রতি সংযোজন করা হয়েছে তা ব্যবহারকারীদের নিকট জ্ঞাতকরণের ব্যবস্থা গ্রহণ;
- ঙ) তথ্য বাতায়ন ব্যবহারকারীবান্ধবকরণে তথ্য বাতায়নের ম্যানুয়াল ও ভিডিও গাইডলাইন দেখে বাতায়নের তথ্য-উপাত্ত আপলোড এবং সজ্জিতকরণ; এবং
- চ) তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য আওতাধীন দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান এবং নিয়মিত পরিবীক্ষণ।

০২। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে তাঁর কার্যালয়ের তথ্য বাতায়নসহ আওতাধীন সকল দপ্তর/সংস্থার তথ্য বাতায়নের তথ্যাদি হালনাগাদকরণ শত ভাগ বাস্তবায়ন নিশ্চিত করে আগামী ২৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য এ কার্যালয়ের সহকারী প্রোগ্রামার জনাব মোঃ নিজাম উদ্দিন (মোবাইল নং- ০১৯১৩৭৪৯১৪৬) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।


(মোঃ হারুন অর রশীদ)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সুনামগঞ্জ
ফোন : ০৮৭১-৬১৬০৯
adcietsunamganj@yahoo.com

বিতরণ : কার্যার্থে

- ১। , সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... , সুনামগঞ্জ।
- ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল)..... , সুনামগঞ্জ।
- ৪। , সুনামগঞ্জ।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ১। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য।